



তারিখ: ০৫ ডিসেম্বর, ২০২৪ খ্রি.

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিশ্ববিদ্যালয়, কিশোরগঞ্জ

২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ৪ (চার) বছর মেয়াদি ১ম বর্ষ স্নাতক প্রোগ্রামে ৬ষ্ঠ ধাপে চূড়ান্ত ভর্তির নোটিশ

২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে GST গুচ্ছ ভর্তি প্রক্রিয়ার গুচ্ছভুক্ত বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিশ্ববিদ্যালয়, কিশোরগঞ্জ-এ যে সকল শিক্ষার্থী প্রাথমিক ভর্তি সম্পন্ন করে বা মাইগ্রেশনের মাধ্যমে ভর্তির জন্য নির্বাচিত হয়েছেন তাদের চূড়ান্ত ভর্তি আগামী ০৮ ডিসেম্বর, ২০২৪ খ্রি. তারিখে সম্পন্ন হবে।

০৮ ডিসেম্বর, ২০২৪ খ্রি. রবিবার সকাল ১০.০০ টা থেকে বিকাল ৫.০০ টার মধ্যে অবশিষ্ট ফি (নিম্নের ছক অনুযায়ী) online-এ (admission.bsmru.ac.bd ওয়েবসাইটে লগইন করে) প্রদান করে নিম্নে উল্লেখিত ডকুমেন্টসহ নিম্নের ঠিকানায় উপস্থিত হয়ে চূড়ান্ত ভর্তি সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো:

১। মূল নম্বরপত্র (SSC এবং HSC)

(মূল মেধাতালিকা অনুযায়ী মূল নম্বরপত্র দুইটি গুচ্ছভুক্ত অন্য কোনো বিশ্ববিদ্যালয়ে ইতঃপূর্বে জমা দিয়ে থাকলে প্রয়োজন নাই)

২। Payment স্লিপ (অনলাইন থেকে প্রাপ্ত)।

তবে মাইগ্রেশনের মাধ্যমে যারা নির্বাচিত হয়েছেন অর্থাৎ যাদের SSC এবং HSC এর মূল মার্কশিট ইতিমধ্যে গুচ্ছভুক্ত কোনো বিশ্ববিদ্যালয়ে জমা দেওয়া আছে, চূড়ান্ত ভর্তির কার্যক্রম সম্পন্ন করার জন্য তাদের কোনো প্রকার মূল নম্বরপত্র জমা দেওয়ার প্রয়োজন নেই।

ভর্তি ফি সংক্রান্ত বিস্তারিত তথ্য

বিভাগের নাম	মোট ফির পরিমাণ	প্রাথমিক ভর্তি প্রক্রিয়া সম্পন্নকরণ ফি	অবশিষ্ট ফির পরিমাণ
ইংরেজি বিভাগ	৬,৫০০.০০	৫,০০০.০০	১,৫০০.০০
গণিত বিভাগ	৭,৫০০.০০		২,৫০০.০০
হিসাববিজ্ঞান বিভাগ	৬,৫০০.০০		১,৫০০.০০
কম্পিউটার বিজ্ঞান ও প্রকৌশল বিভাগ	৭,৫০০.০০		২,৫০০.০০

ঠিকানা: বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিশ্ববিদ্যালয়, কিশোরগঞ্জ-এর অস্থায়ী ক্যাম্পাস (বঙ্গবন্ধু একাডেমিক ভবন, গুরুদয়াল সরকারি কলেজ, কিশোরগঞ্জ)।

উল্লেখ্য, শিক্ষার্থীদের অনলাইনে admission.bsmru.ac.bd ওয়েবসাইটে লগইন করে "Address and others" মেনুতে ক্লিক করে ঠিকানাসহ বিস্তারিত তথ্য (প্রয়োজ্য ক্ষেত্রে) প্রদান করে আপডেট button ক্লিক করে তথ্য আপডেট প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।